

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩২.১৯-৭৩

তারিখ: ১০.০২.২০১৯খ্রি.


বিষয়: রিট পিটিশন নং-১৬৪২/২০০৯ মামলার ২৪.০২.২০১৬ খ্রি. তারিখের রায় এবং সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশনের সিভিল পিটিশন ফর লিড টু আপীল নং-১৫৩৪/২০১৬ মামলার ১৬.১১.২০১৭ খ্রি. তারিখের রায় অনুযায়ী নঈগা জেলার সাপাহার উপজেলাধীন সাপাহার সরফতুল্লাহ ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমানকে চাকুরিতে পুনর্বহাল করে মার্চ/২০১৮ খ্রি. তারিখ হতে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের বিষয়ে নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪(মতামত-৩).১৮-১৩ তারিখ: ০৩.০১.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রের ০৫ (ক) অনুচ্ছেদে উল্লেখ আছে, “যেহেতু, রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক দায়েরকৃত মামলাটি গত ১৬.১১.২০১৭ খ্রি. তারিখে খারিজ হয়ে গেছে অর্থাৎ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশটি বহাল রয়েছে এবং যেহেতু রিট মামলার রায় বকেয়া প্রদানের উল্লেখ রয়েছে সেহেতু বাদী (জনাব মো: আজিজুর রহমান, অধ্যক্ষ) কর্তৃক দাখিলকৃত ২৫.০৩.২০১৮ খ্রি. তারিখের আবেদন অনুযায়ী মার্চ/২০১৮ থেকে বকেয়া বেতন ভাতাদি (এমপিও) প্রদানসহ চাকুরিতে পুনর্বহাল করে এমপিও চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং”

০২. সূত্রে বর্ণিত (১) নং পত্রের ০৫ (খ) অনুচ্ছেদে উল্লেখ আছে, “যেহেতু শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি কর্তৃক অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমানকে বরখাস্ত করা হয়েছে সেহেতু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮ (৬) নির্দেশনা (মামলাকালীন প্রযোজ্য বিধান) অনুযায়ী বরখাস্তকরণের তারিখ ০১.০৫.২০১০ হতে মার্চ/২০১৮ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ প্রদানের সুযোগ নেই বিধায় উক্ত সময়ের বেতন ভাতাদির সুবিধাদি মাদ্রাসার নিজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।”

০২. এমতাবস্থায়, নঈগা জেলার সাপাহার উপজেলাধীন গাংরা সাপাহার সরফতুল্লাহ ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমানকে মার্চ/২০১৮ থেকে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান করা হবে নাকি এপ্রিল/১৮ থেকে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান করা হবে এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(সফিউদ্দিন আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৪১০৩০১৫৯

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
দৃঃআঃ যুগ্মসচিব (অডিট ও আইন)